# ব্রি ধান৭০

ধান চাষ সমৃদ্ধি আনে

ফ্যাক্ট শীটঃ আমন ধানের জাত

ব্রি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

## জাত পরিচিতি



ব্রি ধান৭০

ব্রি ধান৭০ এর কৌলিক সারি BR7357-11-2-4-1-1। উক্ত কৌলিক সারিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক IR67423-208-6-2-3-3 এবং IR65610-105-2-5-2-2-2 এর সাথে সংকরায়ণ করে বংশানুক্রম সিলেকশন (Pedigree Selection) এর মাধ্যমে উদ্ভাবন করা হয়। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর গবেষণা মাঠে হোমোজাইগাস কৌলিক সারি নির্বাচনের পর ৫ বৎসর ফলন পরীক্ষার পর উক্ত কৌলিক সারিটি ২০১৩ সালে বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা নিরীক্ষা এবং ২০১৪ সালে বাংলাদেশের জাতীয় বীজ বোর্ড কৃষকের মাঠে ফলন পরীক্ষায় সন্তোষজনক হওয়ায় রোপা আমন মৌসুমের জন্য জাত হিসাবে চুড়ান্তভাবে নির্বাচন করা হয়। আমন মৌসুমে জাতটি চাষাবাদ পদ্ধতি নিম্নে দেয়া হলো।

জাতের বৈশিষ্ট্য

- অধিক ফলনশীল সুগন্ধী আমন ধানের জাত।
- ডিগপাতা খাড়া ও লম্বা এবং গাছের উচ্চতা ১২৫ সে. মি।
- ধানের দানার রং খড়ের মত, অত্যন্ত লম্বা, চিকন ও সুগন্ধী।
- দানার অগ্রভাগে ক্ষুদ্র শুং এবং রঙীন টিপ আছে ।
- চালের আকার আকৃতি বেশ লম্বা ও চিকন এবং রং সাদা।
- ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ২০ গ্রাম।
- চালে এমাইলোজের পরিমান ২১.৭%।

এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

ব্রি ধান৭০ এর জীবনকাল ব্রি ধান৩৭ এর চেয়ে ১০-১৫ দিন কম। এ জাতের ডিগ পাতা খাড়া ও লম্বা তাই ক্ষেত দেখতে খুব আকর্ষনীয় হয়। ধান লম্বা চিকন ও রপ্তানী যোগ্য। এ জাতটি হেক্টরে ৪.৮ টন পর্যন্ত ফলন দিতে সক্ষম। এ ধান কাটার পর রবিশস্য সময়মত আবাদ করা যায়।

জীবন কাল

এ জাতের গড় জীবন কাল ১৩০ দিন।

## চাষাবাদ পদ্ধতি

চাষাবাদ পদ্ধতি

এ জাতটি বৃষ্টি নির্ভর রোপা আমন মৌসুমে চাষাবাদ উপযোগী। এ ধানের চাষাবাদ অন্যান্য উফশী রোপা আমন ধানের মতই।

১. বীজ তলায় বীজ বপন: বীজ বপনের উপযুক্ত সময় ১৫ আষাড় - ৩১ আষাড় (২৯ জুন- ১৫ জুলাই)।

২. চারার বয়স: ২৫-৩০ দিন।

৩. চারার সংখ্যা: প্রতি গুছিতে ২/৩ টি।

৪. রোপন দুরত্ব: ২০ সে.মি. × ১৫ সে.মি.।

৫. সার ব্যাবস্থাপনা (কেজি/বিঘা)

| ৫.১ ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | জিংক সালফেট |
|---|---|---|---|---|
| ২৪ | ১০ | ১৩ | ৯ | ১.৩ |

৫.২ সর্বশেষ জমি চাষের সময় সবটুকু টিএসপি, অর্ধেক এমপি, জিপসাম এবং জিংক সালফেট প্রয়োগ করা উচিত। ইউরিয়া সার সমান তিন কিস্তিতে যথা রোপনের ১০-১৫ দিন পর ১ম কিস্তি, ২৫-৩০ দিন পর ২য় কিস্তি এবং ৪০-৪৫ দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে। বাকী অর্ধেক এমপি তৃতীয় কিস্তি ইউরিয়ার সাথে প্রয়োগ করতে পারে।

৬. আগাছা দমন: রোপনের পর অন্তত ৩৫-৪০ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে।

৭. সেচ ব্যবস্থাপনা: থোড় অবস্থা থেকে দুধ অবস্থা পর্যন্ত জমিতে পর্যাপ্ত রস বা পানি রাখতে হবে।

৮. রোগ বালাই দমন: ব্রি ধান৭০ এ রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণ দেখা দিলে সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনা ব্যবহার করা উচিৎ।

৯. ফসল পাকা ও কাটা: ১০-১৫ নভেম্বর ধান কাটার উপযুক্ত সময়।


আরো তথ্যের জন্য ঃ

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd